










### ০১ ববিতা আবার আন্তর্জাতিক সম্মাননা পাচ্ছেন

আবারও আন্তর্জাতিক সম্মাননায় ভূষিত হয়েছেন বাংলাদেশি চলচ্চিত্রের কিংবদন্তি অভিনেত্রী ববিতা। যুক্তরাষ্ট্রের ডালাস সিটি থেকে এই প্রখ্যাত অভিনেত্রীকে দেওয়া হয়েছে সংবর্ধনা ও সম্মাননা। পাশাপাশি ববিতার সম্মানে অনুষ্ঠিত হয়েছে ববিতা অভিনীত বিখ্যাত সব চলচ্চিত্র নিয়ে ‘ডালাস বাংলা চলচ্চিত্র উৎসব’। এই উৎসবের উদ্বোধন করানো হয় স্বয়ং ববিতাকে দিয়েই। ৪ আগস্ট থেকে ৬ আগস্ট পর্যন্ত এই উৎসব চলে।

### ০২ সম্মাননা পাচ্ছেন সৈয়দ আব্দুল হাদী

কিংবদন্তি অভিনেতা বুলবুল আহমেদের স্মৃতি ধরে রাখতে তার পরিবার ও বুলবুল আহমেদ ফাউন্ডেশনের পক্ষ থেকে বরণীয় শিল্পীদের সম্মাননা দেওয়া হয়। এ বছর ‘মহানায়ক বুলবুল আহমেদ স্মৃতি সম্মাননা ২০২৩’ পাচ্ছেন সংগীতশিল্পী সৈয়দ আব্দুল হাদী। ২০১০ সালের ১৫ জুলাই মারা যান বুলবুল আহমেদ। ২০১৫ সালে গড়ে তোলা হয় বুলবুল আহমেদ ফাউন্ডেশন। এর আগে এই সম্মাননা পেয়েছেন অভিনেতা নাজমুল হুদা বাচ্চু, কেরামত মওলা, মিরানা জামান ও এ টি এম শামসুজ্জামান।

### ০৩ রবীন্দ্রনাথ ঠাকুর হয়ে পর্দায় আসছেন অনুপম খের

অবিকল রবীন্দ্রনাথ ঠাকুর! এক মাথা পাকা চুল, গালভর্তি সাদা দাড়ি। পরনে কালো পোশাক। সাদাকালো ছবিতে উজ্জ্বল কবিগুরু। ছবি দেখে বোঝার উপায় নেই, এটা রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি নয়, উনি আসলে রবীন্দ্রবেশী অনুপম খের। তবে সিনেমার কী নাম, কে পরিচালনা করবেন, রবীন্দ্রনাথ ঠাকুরের বর্ণাঢ্য জীবনের কোন অংশটি পর্দায় তুলে ধরা হবে; কিছুই জানাননি অনুপম খের। ইনস্টাগ্রাম পোস্টে তিনি লিখেছেন, ‘আমার ৫৩৮তম প্রজেক্টে গুরুদেবের ভূমিকায় অভিনয় করতে যাচ্ছি। আমি গর্বিত, পুলকিত। সঠিক সময়ে সবটা জানাব।’

### ০৪ কলকাতায় সম্মাননা পেলেন কণ্ঠশিল্পী মেহরীন

ভারতের কলকাতায় ‘বঙ্গনারী সম্মাননা’ পেয়েছেন বাংলাদেশের সংগীতশিল্পী মেহরীন মাহমুদ। ২ জুলাই সন্ধ্যায় ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনসের সত্যজিৎ রায় মিলনায়তনে বসে এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান। সেখানে মেহরীনের হাতে পুরস্কার তুলে দেন পশ্চিমবঙ্গ হিউমান রাইটসের চেয়ারম্যান বুম্বা চক্রবর্তী, আয়োজক সুরিয়া সিনহা ও অভিনেত্রী সোমা চক্রবর্তী।

### ০৫ সৃজিতের সিনেমায় জয়া আহসান

নির্মাতা সৃজিত মুখার্জির ‘দশম অবতার’ সিনেমায় যুক্ত হয়েছেন দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান। সিনেমার লোগো উন্মোচন অনুষ্ঠানে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, রূপম ইসলাম, অনির্বাণ ভট্টাচার্য, অনুপম রায়, যিশু সেনগুপ্ত, ইন্দ্রদীপ দাশগুপ্তর মতো শিল্পীদের সঙ্গে দেখা যায় জয়া আহসানকে। ‘বাইশে শ্রাবণ’ এবং ‘ভিঞ্চি দা’-র মিশেলে তৈরি হবে নতুন এই সিনেমাটি। পুরোদস্তুর থ্রিলার ঘরানার এই ছবিটি মুক্তি পাবে পূজায়।







### ০৬ ৩০ বছর পর জম্মু-কাশ্মীর-শ্রীনগরে হিন্দি ছবির প্রদর্শন

৩০ বছর পর ভারতের জম্মু-কাশ্মীর-শ্রীনগরে প্রদর্শিত হয়েছে হিন্দি ছবি। ১৪ জুলাই জম্মু-কাশ্মীরের রাজ্যপাল লেফটেন্যান্ট মনোজ সিংহ এ অঞ্চলের বারামুল্লা ও হান্দওয়াড়ায় দুটি সিনেমা হলের উদ্বোধন করা হয়। কাশ্মীরের পুলওয়ামা এবং সোপিয়ান থিয়েটারের মতো এই প্রেক্ষাগৃহগুলোয় দর্শকের জন্য ১০০টি আসনের ব্যবস্থা রয়েছে। শাহরুখ খান অভিনীত ‘পাঠান’ ছবি দিয়ে এর প্রদর্শন শুরু হয়।




### ০৭ ‘গণদেবতা’ উপন্যাস নিয়ে নির্মিত সিরিজে চঞ্চল চৌধুরী

আবার কলকাতার ওয়েব সিরিজে বাংলাদেশের চঞ্চল চৌধুরী। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে পিরিয়ড ড্রামা ‘গণদেবতা’ শিরোনামে ওয়েব সিরিজ নির্মাণ করতে যাচ্ছেন কমলেশ্বর মুখোপাধ্যায়। যেখানে দেবু পণ্ডিতের চরিত্রে অভিনয় করতে যাচ্ছেন অভিনেতা চঞ্চল চৌধুরী। সিরিজে দুর্গার চরিত্রে দেখা যাবে অরুণিমা ঘোষকে।




### ০৮ কোক স্টুডিওতে লাকী আখান্দের গান

কিংবদন্তি সুরকার লাকী আখান্দের প্রতি সম্মান জানিয়েছে কোক স্টুডিও বাংলা। প্রকাশ করেছে নতুন গান ‘ঘুম ঘুম’। গানটি গেয়েছেন প্রতিভাবান তরুণ শিল্পী ফাইরুজ নাজিফা। সংগীত পরিচালনা করেছেন শিল্পী শুভেন্দু দাশ শুভ। ১৯৮০ সালে সৈয়দ সালাহউদ্দিন জাকী পরিচালিত ‘ঘুড়ি’ সিনেমায় গানটি ব্যবহৃত হয়। পাকিস্তান থেকে দেশে ফেরার পর ‘ঘুম ঘুম’ ছিল শাহনাজ রহমতুল্লাহর প্রথম গান। মূল গানটি লিখেছেন এস এম হেদায়ত আর সুর করেছিলেন লাকী আখান্দ। সোনালি দিনের অসাধারণ এই বাংলা গানটিতে নতুন প্রাণ দিয়েছেন শিল্পীরা। জ্যাজের জাদুর সঙ্গে নস্টালজিয়ার মিশ্রণে তৈরি হয়েছে চমৎকার একটি সুর।

### ০৯ জনি লিভারের কণ্ঠে বাংলা গান

সম্প্রতি বলিউডের তুমুল জনপ্রিয় অভিনেতা জনি লিভার গাইলেন বাংলা গান! অবাক করার মতো ঘটনাটি ঘটেছে লন্ডনে। বাংলাদেশি গায়িকা রুবাইয়াত জাহান বসবাস করেন লন্ডনে। সেখানেই জনি লিভারের সঙ্গে তার দেখা হয়। সেই সূত্রে অভিনেতা একটি বাংলা গান গেয়ে শোনান, যেটা ভিডিও ধারণ করে ১২ জুলাই নিজের ফেসবুক রিলসে প্রকাশ করেছেন রুবাইয়াত। জনি লিভার গেয়েছেন ‘তুমি যদি বন্ধু থাকো উদাসী...’ গানটি।




### ১০ আবার বর-বধু সাজলেন ফারুকী-তিশা

দীর্ঘ ১৩ বছর বিবাহিত জীবন পার করে ফেললেন তারকা দম্পতি নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকী ও অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা। বহুদিন প্রেমের পর ২০১০ সালের ১৬ জুলাই বিয়ে করেছিলেন ফারুকী-তিশা। বিয়ের তেরো বছর আগের সেই স্মৃতিকে তাজা করতে একই পোশাকে বিবাহবার্ষিকীর দিনে বর-বধু সেজে ফটোশ্যুট করেছেন এই জুটি। নুসরাত ইমরোজ তিশার পরনে শাড়ি। মেহেদি রাঙা হাতে চুড়ি। গলায় নেকলেস, সিঁথিতে শোভা পাচ্ছে টিকলি। কপালে টিপ, কানে দুল, চোখে-মুখে খেলা করছে উচ্ছ্বাসের হাসি। তাকে জড়িয়ে ধরে দাঁড়িয়ে আছেন নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকী। তার পরনে পাঞ্জাবি, মাথায় ক্যাপ, চোখে চশমা।








## ১১ কোটির ক্লাবে তানজিন তিশার ৫১ নাটক

হাফ সেঞ্চুরি হাঁকালেন ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তানজিন তিশা। দেশের প্রথম নাট্যাভিনেত্রী হিসেবে এর আগে কোটি ভিউয়ের রেকর্ড গড়েছিলেন মেহজাবীন চৌধুরী। তার পরে এ রেকর্ডের মাইলফলক ছুঁলেন তিশা। তার অভিনীত একান্নটি নাটক ইতিমধ্যে কোটি ভিউয়ের ক্লাবে প্রবেশ করেছে। 'কঞ্জুস ২' ও 'বেস্ট ফ্রেন্ড ২' নাটক দুটি কোটির ক্লাবে প্রবেশ করার পর সব মিলিয়ে অভিনেত্রীর কোটি ভিউ অতিক্রম করা নাটকের সংখ্যা দাঁড়ায় ৫১টি।

## ১২ লন্ডনে আইয়ুব বাচ্চুকে স্মরণ করলো সোলস

৯ জুলাই লন্ডনে ঈদ আনন্দমেলা আয়োজনে অংশ নেয় সোলস। প্রায় বিশ হাজার দর্শক অনুষ্ঠানটি উপভোগ করেন কনসার্টটি। প্রথমবারের মতো যুক্তরাজ্যে কনসার্ট করেছে সোলস। নিজেদের গানের পাশাপাশি পার্থ বড়ুয়া রক আইকন আইয়ুব বাচ্চুকে স্মরণ করে গেয়েছেন 'একদিন ঘুম ভাঙা শহরে' গানটি। লন্ডনের মাইল এন্ড স্টেডিয়ামে হাজার হাজার দর্শক-শ্রোতাদের গানে গানে মাতিয়েছিলেন দেশের জনপ্রিয় ব্যান্ডদল সোলস। ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বিশেষ সম্মাননা তুলে দেন বাংলাদেশের নিযুক্ত রাষ্ট্রদূত সাঈদা মুনা তাসনিম।




## ১৩ শতবর্ষের সেরা চলচ্চিত্র তালিকায় 'পথের পাঁচালী'

বাংলা ভাষার সিনেমায় নতুন দিগন্ত উন্মোচিত হয়েছিল সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' সিনেমার মাধ্যমে। ১৯৫৫ সালে মুক্তি পাওয়া সিনেমাটি গেলো বছরের অক্টোবরে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ফিল্ম ক্রিটিকস (ফিপরেস্কি)-র জরিপে ভারতের সর্বকালের সেরা সিনেমার খেতাব পেয়েছিল। এবার এলো আন্তর্জাতিক স্বীকৃতি। বিখ্যাত ম্যাগাজিন টাইম-এর জরিপে পৃথিবীর ১০০ বছরের সেরা চলচ্চিত্রের তালিকায় জায়গা করে নিয়েছে সত্যজিতের 'পথের পাঁচালী' সিনেমা।




## ১৪ আবারও ক্যামেরার সামনে অনুরাগ কাশ্যপ

'লিও' থালাপতি বিজয়ের নতুন সিনেমা। লোকেশ কনগরাজ পরিচালিত এ সিনেমার সঙ্গে যোগাযোগ থাকছে বিক্রম ও কাইথির। তৈরি হচ্ছে কনগরাজ ইউনিভার্স। 'লিও' সিনেমায় অভিনয় করছেন তৃষা কৃষ্ণান, গৌতম মেনন, নির্মাতা মিশকিন ও সঞ্জয় দত্ত। গৌতম মেনন ও মিশকিনের পর তৃতীয় একজন নির্মাতাকেও ক্যামেরার সামনে আনছেন নির্মাতা লোকেশ কনগরাজ। তিনি অনুরাগ কাশ্যপ। এরই মধ্যে অনুরাগ কাশ্যপ ছোট-বড় মিলিয়ে ৩০-এর বেশি কনটেন্টে অভিনয় করেছেন।




## ১৫ এক দশক পর হিরানির ছবিতে আমির

বলিউডে 'থ্রি ইডিয়টস' এবং 'পিকে'র মতো তুমুল জনপ্রিয় সিনেমা উপহার দেওয়া নির্মাতা-অভিনেতা জুটি রাজকুমার হিরানি এবং আমির খান এক দশক পর আবার নতুন একটি কাজে হাত দিতে চলেছেন। সিনেমার কাহিনী বা নামধামের কোনো খবর না জানা না গেলেও টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, একটি বায়োপিকে হিরানি ও আমির একসঙ্গে কাজ করবেন।